**প্রেস রিলিজ**

তারিখ: ০১ আগস্ট ২০২৬

# দ্বিতীয় আন্তর্জাতিক দর্শন সম্মেলনে বাউবি উপাচার্যের অংশগ্রহণ

## 'Philosophy for Peace' সম্মেলনে শান্তি, মানবিকতা ও জ্ঞানভিত্তিক সমাজ গঠনে দর্শনচর্চার ওপর গুরুত্বারোপ

বাংলাদেশ ফিলোসফিক্যাল সোসাইটি (BPS) কর্তৃক আয়োজিত দু'দিনব্যাপী "2nd International Conference: Philosophy for Peace" শীর্ষক আন্তর্জাতিক সম্মেলনে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান।

আজ (০১ আগস্ট ২০২৬) ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্র (টিএসসি) মিলনায়তনে অনুষ্ঠিত এ আন্তর্জাতিক সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী জনাব জহির উদ্দিন স্বপন, এমপি। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বন, পরিবেশ ও জলবায়ু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব শেখ ফরিদ উদ্দিন আহমেদ, এমপি।

সম্মেলনের উদ্বোধন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ. বি. এম. ওবায়দুল ইসলাম। এছাড়া বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এস. এম. আমানুল্লাহ এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ কামরুল আহসান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ ফিলোসফিক্যাল সোসাইটির সভাপতি অধ্যাপক ড. শাহ মুস্তাফা কাউসার মোস্তফা আবুল উলায়ী।

বিশেষ অতিথির বক্তব্যে বাউবি উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান শান্তি, মানবিক মূল্যবোধ, সহনশীলতা ও নৈতিক চেতনা বিকাশে দর্শনচর্চার গুরুত্ব তুলে ধরেন। তিনি বলেন, "উচ্চশিক্ষা প্রতিষ্ঠানসমূহকে জ্ঞানচর্চার পাশাপাশি শান্তি, সম্প্রীতি ও মানবকল্যাণে কার্যকর ভূমিকা পালন করতে হবে। এ ধরনের আন্তর্জাতিক সম্মেলন দেশ-বিদেশের গবেষক ও শিক্ষাবিদদের মধ্যে জ্ঞান, অভিজ্ঞতা ও গবেষণার আদান-প্রদানের নতুন দিগন্ত উন্মোচন করবে বলেও তিনি আশাবাদ ব্যক্ত করেন"।

দেশ-বিদেশের বিশিষ্ট শিক্ষাবিদ, গবেষক, দার্শনিক ও শিক্ষার্থীদের অংশগ্রহণে সম্মেলনটি জ্ঞানচর্চা, আন্তঃসাংস্কৃতিক সংলাপ এবং বিশ্বশান্তি প্রতিষ্ঠায় দর্শনের ভূমিকা নিয়ে ফলপ্রসূ আলোচনা ও মতবিনিময়ের এক গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক প্ল্যাটফর্মে পরিণত হয়।

মোঃ জাহাঙ্গীর হোসেন পাইক
যুগ্ম-পরিচালক
মোবাইলঃ ০১৭১৪৫০৫৭৪৭